

স্মারক নং-ইইউবি/অতিঃরেজিঃ/আঃকাঃ/২০২২-১৭৬

তারিখঃ ১৮ ফেব্রুয়ারি ২০২২ খ্রি.

অফিস আদেশ

বিষয়ঃ- বাধ্যতামূলকভাবে পরিচয়পত্র (ID Card) প্রদর্শন প্রসঙ্গে।


“নিরাপত্তাই প্রথম-নিরাপত্তাই জীবন”

বর্গীত উক্তির সাথে সামঞ্জস্য রেখে সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বিশ্ববিদ্যালয়ের সার্বিক শৃঙ্খলা ও নিরাপত্তা রক্ষার স্বার্থে সকল শিক্ষার্থী/শিক্ষক/কর্মকর্তা/কর্মচারীগণকে বাধ্যতামূলকভাবে ইউনিভার্সিটি কর্তৃক প্রদত্ত পরিচয়পত্র (ID Card) পরিধান/বহন ও বিশ্ববিদ্যালয়ের প্রবেশ পথে নিরাপত্তা কর্মীকে তা’ প্রদর্শন করতে হবে। এ ব্যাপারে নিরাপত্তা কর্মীগণ সংশ্লিষ্ট সকলের পরিচয়ের ব্যাপারে শতভাগ নিশ্চিত হবেন; কোন প্রকার সন্দেহ/সংশয় দেখা দিলে তাৎক্ষণিকভাবে বিষয়টি প্রক্টর দপ্তরকে অবহিত করতে হবে।

০২. উল্লেখ্য, যে সকল শিক্ষার্থী/শিক্ষক/কর্মকর্তা/কর্মচারীবৃন্দ এখনও পরিচয়পত্র সংগ্রহ করেননি- তাদেরকে এ আদেশ জারির ৪ (চার) কর্মদিবসের মধ্যে “লজিস্টিক” শাখায় যোগাযোগ করে পরিচয়পত্র গ্রহণ করতে হবে; অন্যথায় তাঁদের বিশ্ববিদ্যালয়ে প্রবেশের সময় অসুবিধা/বাঁধার সৃষ্টি হতে পারে।

০৩. বিশ্ববিদ্যালয়ের ও সংশ্লিষ্ট সকলের নিরাপত্তার স্বার্থে আমরা একে-অপরকে সহযোগিতার হাত সম্প্রসারণ করবো এটিই আমাদের দৃঢ় বিশ্বাস এবং প্রত্যাশা।

০৪. এ বিষয়ে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা একান্ত কাম্য।



ড. কাজী বজলুর রহমান
প্রক্টর, ইইউবি ১৪-০২-২২

